**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10–08–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) তেলেঙ্গানার রাজ্যপাল জিষ্ণু দেববর্মাকে রাজ্য সরকারের পক্ষ থেকে নাগরিক সংবর্ধনা ।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কেরালার ভূমিধ্বসে বিধস্ত ওয়েনাড জেলা সফর করলেন ।**

**(৩) ঊনকোটি জেলার কুমারঘাট ব্লকের মশাউলি পঞ্চায়েতের লক্ষীপুর S/B স্কুল বুথে পুনঃনির্বাচন অনুষ্ঠিত ।**

**(৪) কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রাজ্য সরকার রাজ্যের কৃষকদের স্বাবলম্বী করার জন্য সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করেছে ।**

*********************************************

**Jishnu Debbarma :**

তেলেঙ্গানার রাজ্যপাল জিষ্ণু দেববর্মাকে আজ রাজ্য সরকারের পক্ষ থেকে নাগরিক সংবর্ধনা দেওয়া হয়। মান্দাইয়ের খরাঙ কমিউনিটি হলে আয়োজিত এই নাগরিক সংবর্ধনা সভায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যপাল জিষ্ণু দেববর্মার হাতে শুভেচ্ছা স্মারক ও মানপত্র তুলে দিয়ে সংবর্ধনা জ্ঞাপন করেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরার ভূমিপুত্র এবং রাজ পরিবারের কৃতি সন্তান জিষ্ণু দেববর্মা হলেন রাজ্যের প্রথম ব্যক্তি যিনি কোনও রাজ্যের সাংবিধানিক প্রধান রাজ্যপাল পদে আসীন হয়েছেন। তা রাজ্যের জনগণের কাছে অত্যন্ত গৌরবের বিষয়। তিনি বলেন, রাজ্যে জনজাতি সম্প্রদায়ের সামগ্রিক উন্নয়নে জিষ্ণু দেববর্মার চিন্তাভাবনা ও কর্মকুশলতা নতুন দিশার সঞ্চার করেছে।

শিল্পকলার চর্চা ও প্রসারে জিষ্ণু দেববর্মার ভূমিকার ভূয়সী প্রশংসা করে মুখ্যমন্ত্রী বলেন, ৫ বছরের মন্ত্রিত্বের সময়কালে প্রশাসনিক ক্ষেত্রে তাঁর বহুমুখী সৃষ্টিশীল দৃষ্টিভঙ্গি রাজ্য প্রশাসনকে সমৃদ্ধ করেছে। বিভিন্ন প্রশাসনিক সংস্কার এবং স্বচ্ছতার সঙ্গে গ্রামীণ মানুষের জীবন জীবিকার ক্ষেত্র সম্প্রসারিত হয়েছে। অনুষ্ঠানে জিষ্ণু দেববর্মা বলেন, তেলেঙ্গানার রাজ্যপাল হিসেবে রাজ্যে নাগরিক সংবর্ধনা পেয়ে তিনি গর্বিত। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, মন্ত্রী সভার সদস্য প্রণজিৎ সিংহরায়, সুশান্ত চৌধুরী, বিকাশ দেববর্মা, অনিমেষ দেববর্মা, শুক্লাচরণ নোয়াতিয়া, সান্তনা চাকমা প্রমুখ।

*****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কেরালার ভূমিধ্বসে বিধস্ত ওয়েনাড জেলা সফর করেন। তিনি হেলিকাপ্টারে চড়ে প্রবল ভূমিধ্বসে বিধস্ত বিভিন্ন এলাকার পরিস্থিতি পর্যবেক্ষণ করেন। তিনি সেনাবাহিনী নির্মিত বিপর্যয় মোকাবেলায় সহায়ক একটি বেইলি সেতু দেখতে যান এবং উদ্ধার ও ত্রাণ কাজে জড়িত সেনাসদস্যদের সাথে মতবিনিময় করেন। ওয়েনাড়ে আজ প্রধানমন্ত্রীর সফরসঙ্গী ছিলেন পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস

রাষ্ট্রমন্ত্রী সুরেশ গোপী, কেরালার রাজ্যপাল আরিফ মহম্মদ খান, মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন, প্রমুখ। উল্লেখ্য, গতমাসের ৩০ তারিখে ওয়েনাডে এই ভূমিধ্বস বিপর্যয় ঘটে।

***************************

**Re-Poll-UNAKOTI :**

ঊনকোটি জেলার কুমারঘাট ব্লকের মশাউলি পঞ্চায়েতের লক্ষীপুর S/B স্কুল বুথে আজ পুনঃনির্বাচন অনুষ্ঠিত হয়। গত বৃহস্পতিবার সংশ্লিষ্ট বুথে ব্যালট-পেপার বিভ্রাটের কারণে ভোটগ্রহণ প্রক্রিয়া বাতিল করা হয়েছিল। মশাউলি পঞ্চায়েতের চার নম্বর ওয়ার্ডের সাত ও আট নম্বর আসনে আজ পুনরায় ভোটগ্রহণ করা হয়। এই বুথে মোট ৪২০ জন ভোটারের মধ্যে ৩৫১ জন আজ তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন। এরমধ্যে পুরুষ ১৮১ জন ও মহিলা ১৭০ জন ভোট দিয়েছেন। শতকরা হিসাবে ভোটদানের হার ৮৩ দশমিক পাঁচ শতাংশ। রিটার্নিং অফিসার তথা কুমারঘাটের B.D.O ডক্টর সুদীপ ভৌমিক আমাদের জেলা প্রতিনিধি অনুপম ভট্টাচার্যকে জানিয়েছেন, আজকের ভোটপর্ব ছিল শান্তিপূর্ণ। পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা ছিল সংশ্লিষ্ট ভোট কেন্দ্রে।

*************************

**Har Ghar Tiranga-North :**

হর ঘর তিরঙ্গা অভিযানের অঙ্গ হিসেবে আজ উত্তর জেলার ধর্মনগরে তিরঙ্গা যাত্রা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত তিরঙ্গা যাত্রায় অংশ নেন অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, জেলার অতিরিক্ত পুলিশ সুপার জে ডার্লং, ধর্মনগরের মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া, জেলা ও পুলিশ প্রশাসনের

বিভিন্ন আধিকারিক, বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, পুলিশ ও টিএসআর জওয়ান, স্বসহায়ক দলের সদস্যরা। বিবিআই-এর খেলার মাঠ থেকে এই তিরঙ্গা যাত্রা শুরু হয়ে ধর্মনগর শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

**************************

**Har Ghar Tiranga-Dhalai :**

ধলাই জেলার আমবাসা পুর পরিষদ এলাকায় "হর ঘর তিরাঙ্গা" কর্মসূচি বাস্তবায়নের জন্য ব্যাপক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পুর পরিষদের চেয়ারপার্সন গোপাল সূত্রধর আজ আমবাসায় এক সাংবাদিক সম্মেলনে জানান, "হর ঘর তিরঙ্গা" কর্মসূচির অঙ্গ হিসাবে আগামী ১৩ থেকে ১৫ই আগস্ট আমবাসা পুর এলাকার প্রতিটি বাড়িতে জাতীয় পতাকা উত্তোলনের জন্য নাগরিকদের অনুরোধ জানানো হয়েছে।

***************************

**Har Ghar Tiranga-Gomati :**

হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে আজ গোমতী জেলায় বিভিন্ন অফিসে পালিত হয় তিরঙ্গা রান। গোমতী জেলার ক্রীড়া দপ্তরের অফিসে জাতীয় পতাকা নিয়ে তিরঙ্গা রান ও শপথ বাক্য পাঠ করা হয়। শপথ বাক্য পাঠ করান ক্রীড়া দপ্তরের জেলা উপ অধিকর্তা রণজিৎ বাগচী।

*****************************

**BJP-Press Meet :**

স্বাধীনতা দিবস উপলক্ষ্যে প্রদেশ বিজেপি'র উদ্যোগে আগামীকাল থেকে ১৫ই আগস্ট পর্যন্ত "হর ঘর তিরঙ্গা" কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আজ আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান দলের প্রদেশ সম্পাদক তাপস মজুমদার। তিনি জানান, আগামীকাল থেকে ১৩ই আগস্ট প্রত্যেকটি বিধানসভা এলাকা ও মন্ডলে আয়োজন করা হবে তিরঙ্গা পদযাত্রা। তাছাড়া ১৩ই আগস্ট স্বাধীনতা সংগ্রামী, সৈনিকদের স্মৃতির উদ্দেশ্যে বিভিন্ন স্মৃতি সৌধে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ করা হবে। এই কর্মসূচিতে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য, বিধায়কগণ ও বিজেপি'র কার্যকর্তাগন। ১৩ থেকে ১৫ই আগস্ট উত্তোলন করা হবে জাতীয় পতাকা। ১৫ই আগস্ট প্রদেশ বিজেপি কার্যালয়, ক্লাব ও সামাজিক সংস্থাগুলিতে পালন করা হবে স্বাধীনতা দিবস।

**************************

**Ratan Lal Nath :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রাজ্য সরকার রাজ্যের কৃষকদের স্বাবলম্বী করার জন্য সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করেছে। আজ ধলাই জেলার নালকাটায় গোদরেজ এগ্রোভেট লিমিটেডের পাম তেল প্রক্রিয়াকরণের কারখানা ও উন্নয়ন কেন্দ্রের ভিত্তি প্রস্তর স্থাপনের অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, পাম অয়েল গাছ চাষের জন্য যে মাটির প্রয়োজন সেই উপযুক্ত মাটি এখানে রয়েছে। পাম অয়েল গাছ চাষ করে রাজ্যের কৃষকরাও লাভবান হবেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন

বিধায়ক পল দাংসু, গোদরেজ এগ্রোভেট লিমিটেডের সিইও সৌগত নিয়োগী।

***************************

**Chandrayan-3 :**

চন্দ্রযান তিন অভিযানে রোভার বিক্রমের চাঁদের দক্ষিণ মেরুতে অবতরনকে স্মরন করে ২৩শে আগষ্ট প্রথমবার জাতীয় মহাকাশ দিবস উদযাপন করছে এন.আই.টি আগরতলা। এই উপলক্ষে দু সপ্তাহব্যাপী কর্মসূচী রয়েছে এই প্রতিষ্ঠানের। আজ এনআইটি আগরতলা ক্যাম্পাসে এরই অঙ্গ হিসেবে ইসরোর মহাকাশ গবেষণা সংক্রান্ত বিভিন্ন মডেলের প্রদর্শনীর আয়োজন করা হয়। এতে স্থানীয় স্কুল থেকে ষষ্ঠ থেকে দ্বাদশের প্রায় তিনশো পড়ুয়া নিজেদের মডেল নিয়ে হাজির হয়। এই অনুষ্ঠানের উদ্বোধনী পর্বে উপস্থিত ছিলেন কলকাতার এম পি বিড়লা ইনস্টিটিউট ফর ফান্ডামেন্টাল রিসার্চের প্রাক্তন অধিকর্তা দেবী প্রসাদ দুয়ারী এবং এনআইটি আগরতলার বর্তমান অধিকর্তা অধ্যাপক শরত কুমার পাত্র।

*************************

**Agriculture-Sepahijala :**

'মুখ্যমন্ত্রী সুসংহত শস্য ব্যবস্থাপনা পরিকল্পনা'র আওতায় আজ সিপাহীজলা জেলার অধীন নলছড় কৃষি মহকুমার উদ্যোগে পশ্চিম নলছড়ে সর্বজনীন ধানের চারা রোপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। এলাকার কৃষকদের জমিতে বিজ্ঞান ভিত্তিক চাষ পদ্ধতিতে আমন ধানের চারা রোপন করেন কৃষি দপ্তরের উপ-অধিকর্তা বিমল দাস, নলছড় কৃষি মহকুমার কৃষি

তত্বাবধায়ক সেক্টর অফিসার, VLW-রা সহ কৃষি দপ্তরের বিভিন্ন স্তরের কর্মীরা। নলছড় কৃষি তত্বাবধায়ক পুলক গন আকাশবাণীর সিপাহীজলা জেলা প্রতিনিধি অভিজিৎ বর্ধনকে জানিয়েছেন বিজ্ঞান ভিত্তিক চাষাবাদে কৃষকদের সচেতনতা বৃদ্ধির জন্য আজ এই কর্মসূচি গ্রহণ করা হয়েছে। চলতি মরশুমে নলছড় কৃষি মহকুমার ১৮৮০ হেক্টর জমিতে এই চাষ করার লক্ষমাত্রা নেওয়া হয়েছে।

****************************

**N.E. Autonomous Dist.Council :**

শিলং-এ আজ উত্তর পূর্বাঞ্চলের ৬ষ্ঠ তপশিল মোতাবেক গঠিত ১০টি স্ব-শাসিত জেলা পরিষদের মুখ্য কার্যনির্বাহী সদস্য, ও সদস্যদের নিয়ে প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয়। বৈঠকে, ত্রিপুরা স্বশাসিত জেলা পরিষদ সদস্য প্রদ্যোৎ কিশোর দেববর্মা, এই অঞ্চলের সব জেলা পরিষদের পারস্পরিক সহযোগিতার উপর গুরুত্ব আরোপ করেন।

*******************************

**INDIAN ARMY HUMANITARIAN DAY :**

বিশ্ব মানবিকতা দিবস উপলক্ষে আজ আগরতলা মিলিটারী স্টেশনে ভারতীয় সেনা বাহিনীর স্পিয়ার কর্পস-এর উদ্যোগে 'কোম্পানী কমান্ডারের সঙ্গে এক দিন' শীর্ষক এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিনাপানী অনাথ শিশু হোমের ৩১ জন শিশু অংশ গ্রহন করে। তাদের সঙ্গে আনন্দ, বিনোদনমূলক ও মমতাময় পরিবেশে মানবিকতা  রক্ষার বিষয়ে, আলোচনা করা হয়। শিশুদের উপযোগী একটি চলচিত্রও প্রদর্শন

করা হয়, যেখানে দয়া, দাক্ষিন্য দলবদ্ধতা ইত্যাদি বিষয়ে মূল্যবান শিক্ষার বিষয় ছিল।

*****************************

**Anti Drug Awareness :**

ভারত জ্ঞান বিজ্ঞান সমিতির ত্রিপুরা রাজ্য কমিটির উদ্যোগে আজ সাব্রুম মহকুমার শ্যামসিং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের নিয়ে নেশা বিরোধী সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। সমিতির ত্রিপুরা রাজ্য কমিটির সহ সভাপতি অরুণ দেববর্মা, সম্পাদক ড. ব্রজ গোপাল মজুমদার এবং সহ-সম্পাদক অধ্যাপক উৎপল দে নেশার কুফল সম্পর্কে ছাত্রছাত্রীদের সচেতন করেন। একইসঙ্গে স্কুলের নবম থেকে একাদশ শ্রেনীর ছাত্রছাত্রীদের মধ্যে - কুসংস্কার ও বিজ্ঞান - শীর্ষক বক্তৃতা প্রতিযোগিতা এবং স্কুলের ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির ছাত্রছাত্রীদের মধ্যে বিজ্ঞান ও সাধারণ জ্ঞান বিষয়ে ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

*****************************

**NSS :**

স্বাধীনতা দিবসকে সামনে রেখে আজ যোগেন্দ্র নগর আম্বেদকর পল্লীতে বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করে ওমেন্স কলেজ এনএসএস ইউনিট। প্রায় ১০০ শিশু এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। তাছাড়া এলাকায় বৃক্ষরোপণ ও সাফাই অভিযানে অংশ নেয় এনএসএস ইউনিটের ছাত্রীরা।

************************

**SM Cup Football :**

সুব্রত মুখার্জি কাপ বালিকাদের ফুটবলে ঝাড়খন্ডের কাছে হেরে আসর থেকে বিদায় নিল ত্রিপুরা স্পোর্টস স্কুল। আজ দিল্লির উইলিংটনের তেজস গ্রাউন্ডে কোয়ার্টার ফাইনালে ঝাড়খণ্ডের কাছে ২-০ গোলে পরাজিত হয় ত্রিপুরা স্পোর্টস স্কুল।

*****************************

**Senior Cricket :**

জিরানিয়া মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতায় আজ চম্পকনগর প্লে সেন্টার ৯৫ রানে হরিবালা সমিতিকে পরাজিত করেছে। রানীর বাজার স্কুল মাঠে আয়োজিত এই ম্যাচে চম্পকনগর প্লে সেন্টার প্রথমে ব্যাট করতে নেমে ৩০ ওভার ২ বলে ২২০ রান করে। জবাবে খেলতে নেমে হরীবালা সমিতি ১৮ ওভারে ১৩১ রান তুলতে সক্ষম হয়।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*****************************